

বাংলাদেশ-চীন চিকিৎসা পর্যটন চালু শীঘ্রই

- A Monitor Desk Report

Date: 10 March, 2025



ঢাকাঃ চীনের কুনমিংয়ে বাংলাদেশি রোগীদের চিকিৎসার জন্য তিনটি হাসপাতাল প্রস্তুত করা হয়েছে। পাশাপাশি ক্যানসার চিকিৎসার জন্য আরও একটি হাসপাতাল অন্তর্ভুক্তির প্রক্রিয়াধীন রয়েছে।

ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন সম্প্রতি সংবাদমাধ্যমকে বলেছেন, মে-জুন মাসের দিকে বাংলাদেশি রোগীরা কুনমিং শহরের তিনটি হাসপাতালে চিকিৎসা নিতে পারবে বলে আশা করা হচ্ছে।

চীনের রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশের পররাষ্ট্র উপদেষ্টার চায়না সফরে আমরা দুপক্ষ একটি গুরুত্বপূর্ণ ঐক্যে পৌঁছেছি। চায়না এরই মধ্যে কুইনমিং ও ইয়ানমান প্রদেশে তিনটি হাসপাতাল মনোনীত করেছে। এ হাসপাতালগুলোতে সুযোগ-সুবিধা, ডাক্তার ও সেবা অনেক উন্নত।

পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, বাংলাদেশ ও চীন ব্যাপক কৌশলগত সহযোগিতামূলক অংশীদারিত্ব গড়ে তোলার জন্য আগের চেয়ে আরও ঘনিষ্ঠভাবে কাজ করবে যাতে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৫০তম বার্ষিকী সহযোগিতার বিভিন্ন ক্ষেত্রে জনগণের মধ্যে বিনিময়ের সঙ্গে দৃশ্যমানভাবে চিহ্নিত হয়।

বাংলাদেশ ও চীনের মধ্যে কূটনৈতিক সম্পর্ক প্রতিষ্ঠার ৫০তম বার্ষিকী উদযাপনের জন্য, উভয় দেশ যৌথ কর্মসূচি গ্রহণ করবে যেমন-লোগো প্রকাশ, গত ৫০ বছরে দুই দেশের মধ্যে সম্পর্ক জোরদারে অবদান রাখা ব্যক্তিত্বদের স্বীকৃতি এবং চিকিৎসা পর্যটন চালু ইত্যাদি।

-B